



তাওফিকা ফুডস অ্যান্ড লাভেলো আইসক্রিম পিএলসির শেয়ার প্রতি আয় বেড়েছে ১৫ শতাংশ

পুঁজিবাজারে তালিকাভুক্ত খাদ্য ও আনুষঙ্গিক খাতের কোম্পানি লাভেলো ব্র্যান্ডের আইসক্রিম বাজারজাতকারী প্রতিষ্ঠান তাওফিকা ফুডস অ্যান্ড লাভেলো আইসক্রিম পিএলসির প্রকাশিত দ্বিতীয় প্রাপ্তিক্রে (অক্টোবর ২০২২-ডিসেম্বর ২২) অনিয়ন্ত্রিত আর্থিক প্রতিবেদন অনুযায়ী এ তথ্য জানা গেছে। মঙ্গলবার ৩১ জানুয়ারি অনুষ্ঠিত কোম্পানির পরিচালনা পর্ষদের বৈঠকে চলতি হিসাব বছরের দ্বিতীয় প্রাপ্তিক্রে আর্থিক প্রতিবেদন পর্যালোচনা ও অনুমোদন করা হয়।

দ্বিতীয় প্রাপ্তিকে কোম্পানিটির কর-পরবর্তী নীট মুনাফা হয়েছে ১ কোটি ৪৫ লাখ ৩৩ হাজার ১০৬ টাকা, যা আগের বছর একই সময়ে ছিল ১ কোটি ২৬ লাখ ১৪ হাজার ২৫৭ টাকা। সে হিসেবে কোম্পানিটির মুনাফা বেড়েছে ১৯ লাখ ১৮ হাজার ৮৪৯ টাকা বা ১৫ শতাংশ।

আলোচ্য সময়ে কোম্পানিটির শেয়ার প্রতি আয় (ইপিএস) হয়েছে ১৭ পয়সা, যা আগের বছর একই সময়ে ছিল ১৫ পয়সা। সুতরাং শেয়ার প্রতি আয় বেড়েছে ১৫ শতাংশ। এবং আলোচ্য সময়ে কোম্পানিটির এনওসিএফপিএস হয়েছে ১.৪৮ পয়সা, যা আগের বছর একই সময়ে ছিল .৯৭ পয়সা।

দ্বিতীয় প্রাপ্তিকে কোম্পানিটির নীট বিক্রয়ের পরিমাণ ১৭ কোটি ৭৫ লাখ ৭৫ হাজার ২৮৫ টাকা, যা আগের বছর একই সময়ে ছিল ১৫ কোটি ৩৮ লাখ ৩৬ হাজার ৭১০ টাকা। সে হিসেবে কোম্পানিটির নীট বিক্রয়ের পরিমাণ বেড়েছে ২ কোটি ৩৭ লাখ ৩৮ হাজার ৫৭৫ টাকা বা ১৫ শতাংশ।

৩১ ডিসেম্বর ২০২২ শেষে কোম্পানিটির শেয়ার প্রতি নীট সম্পদমূল্য (এনএভি) দাঁড়িয়েছে ১২ টাকা ৪৩ পয়সা, যা ৩০ জুন ২০২২ শেষে ছিল ১২ টাকা ৯০ পয়সা।